

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৪, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৮.৩১৫—গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে Inter Press Service News Agency, UN কর্তৃক রোহিঙ্গা ইস্যুতে মানবতাবাদী, সাহসী, দূরদর্শী ও বিচক্ষণ নেতৃত্ব প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘Humanitarian Award’-এ ভূষিত করা হয়। একইদিনে আন্তর্জাতিক অলাভজনক বেসরকারি সংস্থা Global Hope Coalition কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে Special Distinction Award for Leadership প্রদান করা হয়। এই সম্মাননাও রোহিঙ্গা সমস্যার সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের জন্য প্রদান করা হয়।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব, দর্শন-চিন্তা, মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে। এরই ধারাবাহিকতায় Inter Press Service News Agency, UN কর্তৃক ‘Humanitarian Award’ এবং Global Hope Coalition কর্তৃক ‘Special Distinction Award for Leadership’ সম্মাননায় ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মাননীয় প্রধানমন্ত্রীকে উষ্ণ অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৮ আশ্বিন ১৪২৫/০৩ অক্টোবর ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

(১২৩২৫)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৮ আশ্বিন ১৪২৫
ঢাকা: ০৩ অক্টোবর ২০১৮

গত ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে Inter Press Service News Agency, UN কর্তৃক রোহিঙ্গা ইস্যুতে মানবতাবাদী, সাহসী, দূরদর্শী ও বিচক্ষণ নেতৃত্ব প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ‘Humanitarian Award’-এ ভূষিত করা হয়। মূলত, মানবতার অনন্য দৃষ্টান্তস্বরূপ লক্ষ লক্ষ রোহিঙ্গাকে আশ্রয় প্রদান এবং শান্তিপূর্ণ উপায়ে রোহিঙ্গা সমস্যা সমাধানে কূটনৈতিক কার্যক্রমে নেতৃত্ব প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে এই সম্মাননা প্রদান করা হয়েছে। জাতিসংঘের সাবেক মহাসচিব কফি আনান, বুট্রোস বুট্রোস ঘালি এবং ফিনল্যান্ডের প্রেসিডেন্ট জনাব মার্টি আহতিসারি ইত্যপূর্বে এই সম্মাননা পেয়েছেন। একইদিনে আন্তর্জাতিক অলাভজনক বেসরকারি সংস্থা Global Hope Coalition কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে Special Distinction Award for Leadership প্রদান করা হয়। এই সম্মাননাও রোহিঙ্গা সমস্যার সমাধানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের জন্য প্রদান করা হয়।

উল্লেখ্য, ২০১৭ সালে প্রতিবেশী দেশ মিয়ানমার থেকে বলপূর্বক বাস্তুচ্যুত ১১ লাখ নিপীড়িত ও নির্যাতিত বিপন্ন মানুষের জন্য সীমান্ত খুলে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অসাধারণ মানবিক এবং রাষ্ট্রনায়কোচিত সাহসী সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তিনি পরম আন্তরিক সহানুভূতি ও সহর্মিতায় একাত্ম হয়ে আশ্রয় গ্রহণকারী মিয়ানমার জনগোষ্ঠীর খাদ্য, বস্ত্র, চিকিৎসা ও বাসস্থান সংকুলানের দায়িত্ব গ্রহণ করেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার উদ্যোগে রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য বাংলাদেশ সরকারের নিজস্ব সম্পদ হতে প্রায় পাঁচ মিলিয়ন মার্কিন ডলার এবং তাদের আবাসন গড়ে তোলা ও ভূমি উন্নয়নে অতিরিক্ত প্রায় ৩৮০ মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ প্রদান করা হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গাদের শুধু আশ্রয়ই দেননি বরং মিয়ানমারে তাদের নিজ ভূমিতে অধিকার প্রতিষ্ঠার জন্য কূটনৈতিকভাবে নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন, যা দেশ-বিদেশে সমাদৃত হচ্ছে। তিনি বারংবার রোহিঙ্গা সমস্যার স্থায়ী সমাধানে দূত কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়ে আসছেন। উল্লেখ্য, ২০১৭ সালে অনুষ্ঠিত জাতিসংঘের সাধারণ পরিষদের ৭২তম সম্মেলনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা রোহিঙ্গা সমস্যা-সমাধানে পাঁচ দফা প্রস্তাব পেশ করেন যার কয়েকটি ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। এছাড়া, জাতিসংঘের মানবাধিকার কমিশন কর্তৃক গঠিত ফ্যাক্ট ফাইন্ডিং মিশন তাদের প্রতিবেদনে মিয়ানমার সেনাবাহিনী কর্তৃক পরিচালিত নির্যাতনকে গণহত্যা হিসাবে অভিহিত করেছে। অন্যদিকে আন্তর্জাতিক অপরাধ আদালতের প্রসিকিউশন রোহিঙ্গাদের মিয়ানমার হতে জোরপূর্বক বিতাড়নের অভিযোগে মিয়ানমারের বিরুদ্ধে তদন্ত শুরু করেছে।

রোহিঙ্গা জনগোষ্ঠীর প্রতি মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি এবং তাদের জীবনরক্ষায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক গৃহীত সকল কার্যক্রমের স্বীকৃতিস্বরূপ ইতঃপূর্বে তাঁকে সংযুক্ত আরব আমিরাত থেকে প্রকাশিত বিশ্বখ্যাত দৈনিক পত্রিকা খালিজ টাইমস-এ ‘Star of the East’ এবং লন্ডনভিত্তিক আন্তর্জাতিক গণমাধ্যম ‘চ্যানেল ফোর’ কর্তৃক ‘Mother of Humanity’ অভিধায় ভূষিত করা হয়।

মন্ত্রিসভা মনে করে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব, দর্শন-চিন্তা, মানবিক ও উদারনৈতিক দৃষ্টিভঙ্গি দেশে-বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত ও সমাদৃত হচ্ছে। এরই ধারাবাহিকতায় Inter Press Service News Agency, UN কর্তৃক ‘Humanitarian Award’ এবং Global Hope Coalition কর্তৃক ‘Special Distinction Award for Leadership’ সম্মাননায় ভূষিত হওয়ার মধ্য দিয়ে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রীকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করছে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd